# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৩১৭

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ عَمْرٍو، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، قَالَ: سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يَقُولُ: فِيمَ الرَّمَلَانُ الْآنَ، وَالْكَشْفُ عَنِ الْمَنَاكِبِ، وَقَدْ أَطَّأَ اللهُ الْإِسْلَامَ، وَنَفَى الْكُفْرَ وَأَهْلَهُ، وَمَعَ ذَلِكَ لَا نَدَعُ شَيْئًا كُنَّا نَفْعَلُهُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

صحيح لغيره وهذا إسناد حسن، رجاله ثقات رجال الشيخين غير هشام بن سعد، فمن رجال مسلم، وهو حسن الحديث
وأخرجه أبو داود (1887) عن أحمد بن حنبل، بهذا الإسناد
وأخرجه البزار (268) من طريق عبد الملك بن عمرو العقدي، به
وأخرجه ابن ماجه (2952) ، وأبو يعلى (188) ، وابن خزيمة (2708) ، والطحاوي 2 / 182 ، والحاكم 1 / 454، والبيهقي 5 / 79 من طرق عن هشام بن سعد، به
وأخرجه بنحوه البخاري (1605) من طريق محمد بن جعفر، عن زيد بن أسلم، به
الرملان: أي الرَّمَل، وهو سرعة المشي في الطواف
وقوله: أطَّأ الله الإسلام" ، يعني: مكَّن له

বাংলা

৩১৭ যায়িদ বিন আসলাম তাঁর পিতা থেকে বর্ণনা করেছেন, তাঁর পিতা বলেছেন যে, আমি উমার ইবনুল খাত্তাবকে বলতে শুনেছি, (তাওয়াফে কুদূমে) রমল করা ও কাঁধ খোলা রাখার এখন আর প্রয়োজন কোথায়? এখন তো আল্লাহ ইসলামকে শক্তিশালী করেছেন এবং কুফর ও কাফিরকে হটিয়ে দিয়েছেন। এতদসত্ত্বেও আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আমলে করতাম এমন কোন কাজ পরিত্যাগ করি না।*

[বুখারী-১৬০৫, আল হাকেম-৪৫৪/১, ইবনু খুযাইমা-২৭০৮]

## ফুটনোট

* রমল মানে কাঁধ হেলিয়ে দুলিয়ে দ্রুত চলা, যাতে শক্তি ও প্রভাব প্রতিপত্তির প্রকাশ ঘটে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফে কুদূমে প্রথম তিন চক্করে রমল করতেন যাতে কাফিররা মুসলিমদের দৈহিক শক্তি ও সাহসিকতার প্রমাণ পায় এবং তাদেরকে দুর্বল ও শক্তিহীন মনে না করে। উমর (রাঃ) বলতে চেয়েছেন, ইসলাম ও মুসলিমরা শক্তিশালী হওয়ার কারণে যদিও রমলের এখন প্রয়োজন নেই, তবুও আল্লাহর রাসুল যেহেতু করেছেন তাই তার কৃত কোন আমল পরিত্যাগ করা আমরা সমীচীন মনে করি না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

---

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63141

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন